



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ১৩/১০/২০১৮খ্রি:

ববি উপাচার্যের শোক প্রকাশ

“বেগম জেবুন্নেসা ও কাজী মাহাবুব উল্লাহ জনকল্যান ট্রাস্ট” এর অন্যতম প্রতিষ্ঠাতা বেগম জেবুন্নেসার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, বেগম জেবুন্নেসার মত একজন মহিয়সী ও দানবীর এর মৃত্যুতে আমরা এমন একজন নারীকে হারালাম যাঁর শূন্যতা অপূরনীয়। তিনি তাঁর কর্মের মাধ্যমে আমাদের নিকট স্মরনীয় হয়ে থাকবেন। উল্লেখ্য বেগম জেবুন্নেসা ও কাজী মাহাবুব উল্লাহ জনকল্যান ট্রাস্ট গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করে থাকে। বরিশাল বিশ্ববিদ্যালয়েও এই জনকল্যান ট্রাস্টের অধীনে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। উপাচার্য মহোদয় বেগম জেবুন্নেসার রুহের মাগফেরাত কামনা করেন ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস